# নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সময় | : | দুপুর ০২:০০ থেকে দুপুর ০৩:০০ ঘটিকা পর্যন্ত |
| তারিখ | : | ০২/১১/২০২২ খ্রিঃ |
| সভাপতি | : | সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট |

উপস্থিতির তালিকা 'ক' তে সংযুক্ত করা হলোঃ

সভাপতি মহোদয় জুমের মাধ্যমে ২৪/১০/২০২২ এ কেন্দ্রীয় দপ্তরে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় আলোচিত বিভিন্ন বিষয়সমূহ সভাকে অবহিত করেন এবং কতিপয় বিষয়ে ব্যাখ্যা করেন যার মধ্যে উল্লেখযোগ্য ছিল জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ২য় কোয়ার্টার কর্মপরিকল্পনা ও শুদ্ধাচার পুরস্কার বিতরণ। সভাপতি সভাকে জানান যে, চলতি অর্থবৎসরে জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী ২য় কোয়ার্টারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (Stakeholders) ২য় সভা নভেম্বর ২০২২ এ অনুষ্ঠিত হবে। তাছাড়া দপ্তরের কর্মপরিবেশ উন্নয়নের কার্যক্রম চলমান আছে। অত্র দপ্তরের শুদ্ধাচার সংক্রান্ত ০২ (দুই) টি প্রশিক্ষণ আয়োজন করার পরিকল্পনা রয়েছে যা যথাক্রমে ডিসেম্বর ২০২২ এবং মে ২০২৩ এ অনুষ্ঠিত হবে। তিনি আরো জানান যে, কর্মপরিকল্পনা অনুসারে শুদ্ধাচার কর্মপরিকল্পনার অন্যান্য কার্যক্রম চলমান আছে। তিনি জানান যে, কেন্দ্রীয় দপ্তর হতে গত ০৩ (তিন) বৎসরে শুদ্ধাচার পুরস্কারপ্রাপ্তদের সনদ পাঠানো হবে এবং আঞ্চলিক অফিস প্রধানগণ এই সনদ পুরস্কারপ্রাপ্তদের হাতে তুলে দেবেন। শুদ্ধাচার পুরস্কার কোডে অর্থপ্রাপ্তি সাপেক্ষে পরবর্তীতে কেন্দ্রীয় দপ্তর হতে অর্থ পুরস্কার প্রদান করা হবে। সভায় অন্যান্য আলোচনার পর সর্বসম্মতিতে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

১। শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুসারে ২য় কোয়ার্টারেও সকল কার্যক্রম গ্রহণ করতে হবে।

২। শুদ্ধাচার পুরস্কারের সার্টিফিকেট প্রাপ্তি সাপেক্ষে আঞ্চলিক অফিসে পুরস্কার প্রাপ্তদেরকে প্রদান করা হবে।

পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Shaheen Ahmed 02/11/2022

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট
ফোনঃ ০২৯৯-৬৬৩৬৬৩৩

সংযুক্ত-ক

**০২/১১/২০২২ ইং তারিখে নৈতিকতা কমিটির মাসিক সভায় উপস্থিতির তালিকা**

| ক্র: নং: | **কর্মকর্তা/কর্মচারীর নাম** | পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১ | জনাব শাহীন আহম্মেদ | সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি | Shaheen Ahmed 02/11/2022 |
| ২ | জনাব বাদশা মিয়া | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | বাদশা মিয়া 02/11/2022 |
| ৩ | জনাব মো: নূরুজ্জামান ভূইয়া | রেখাকার ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি | [illegible] 02/11/2022 |
| ৪ | জনাব মো: রুবেল হোসেন | সার্ভেয়ার | [illegible] 02/11/2022 |